

০৪ বৈশাখ, ১৪২

নং-৩৯.০০.০০০০.০১২.০২.০১৩.১৭-১৭০

তারিখ:

১৭ এপ্রিল, ২০১৭

বিজ্ঞপ্তি

বিষয়: ২০১৭-২০১৮ অর্থ বছরে বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহে অনুদান প্রদানের জন্য আবেদন আহ্বান।

২০১৭-২০১৮ অর্থ বছরে বিজ্ঞানভিত্তিক কার্যক্রমে আর্থিক অনুদান প্রদানের উদ্দেশ্যে দেশের বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্রে অনুদানের জন্য সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত প্রস্তাব করা যাবে।

২। ‘বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠান’ বলতে বাংলাদেশের ভৌগোলিক সীমানায় অবস্থিত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক কার্যবলী পরিচালনা/উন্নয়নমূলক কাজ সম্পাদনকারী কিংবা বিজ্ঞান বিষয়ক জার্নাল প্রকাশনা এবং সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী আয়োজনকারী বিশ্ববিদ্যালয়/বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন এবং বিজ্ঞানসেবী সংস্থা/প্রতিষ্ঠান/সংগঠন-কে বুঝাবে। এ ব্যাপারে পারিলিক বিশ্ববিদ্যালয়কে অগ্রাধিকার দেয়া হবে।

৩। আবেদনের ক্ষেত্রে যেসকল শর্ত পালন করতে হবে:

- (i) বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন ব্যক্তি অন্যান্য সংগঠনের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের সমাজসেবা অধিদপ্তর/বিধিবন্ধ সংস্থার রেজিস্ট্রেশন অথবা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন থাকতে হবে;
- (ii) বিজ্ঞানসেবী সংস্থা/প্রতিষ্ঠানের নিজস্ব কার্যালয় থাকতে হবে;
- (iii) প্রত্যেক সংস্থা/প্রতিষ্ঠানকে প্রতি অর্থ বছরে নিয়মিত প্রকাশনা, সম্মেলন, সিম্পোজিয়াম, কর্মশালা বা প্রদর্শনীর আয়োজন সম্পর্কে তথ্যাদি পেশ করতে হবে;
- (iv) সংস্থা/প্রতিষ্ঠানের অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে এবং গঠনতন্ত্র অনুযায়ী সংস্থা/প্রতিষ্ঠানের নিয়মিত সভা অনুষ্ঠানের প্রমাণাদি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে;
- (v) সংস্থা/প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের উৎস থাকতে হবে এবং অভ্যন্তরীণ নিরাক্ষা প্রতিবেদনসহ বার্ষিক আয়-ব্যয়ের বিবরণী দাখিল করতে হবে;
- (vi) সংস্থা/প্রতিষ্ঠানের বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকে একটি হিসাব থাকতে হবে এবং বিগত এক বছরের গচ্ছিত অর্থের ব্যাংক সার্টিফিকেট দাখিলের নিশ্চয়তা প্রদানসহ এ মর্মে একটি সনদপত্র/অঙ্গীকারনামা আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে;
- (vii) আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের হিসাব কোন স্থীকৃত অডিট ফার্ম/সংস্থার মাধ্যমে অডিট করাতে হবে এবং অডিট রিপোর্টে অন্যান্য উৎস থেকে প্রাপ্ত সরকারি অনুদানের হিসাব লিপিবদ্ধ করতে হবে; এবং
- (viii) বিগত সময়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে কোন অনুদান পাওয়া গেলে, অনুদানের ব্যয় বিবরণী দাখিল করতে হবে।

৪। প্রাপ্ত অনুদানের অর্থ ব্যবহারের শর্তাবলি:


- (i) অনুদানের অর্থ দ্বারা কোন অবস্থাতেই সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের কোন প্রকার ভৌত অবকাঠামো নির্মাণ কিংবা কোন প্রকার যন্ত্রপাতি ক্রয় করা যাবে না;
- (ii) অনুদানের অর্থ দ্বারা কোন অবস্থাতেই সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি/সম্মানী প্রদান বা অফিস পরিচালনার জন্য ব্যয় নির্বাহ করা যাবে না;
- (iii) প্রাপ্ত অনুদান দ্বারা সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী/প্রকাশনা জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে হতে হবে;
- (iv) অনুদানের অর্থ নির্দিষ্ট অর্থ বছরের মধ্যে যথাযথভাবে ব্যবহারে অসমর্থ হলে মঞ্জুরকৃত সম্পূর্ণ অর্থ অথবা আংশিক অব্যয়িত অর্থ ট্রেজারি চালানের মাধ্যমে রাস্তীয় তফসিলি ব্যাংকে জমা প্রদান করে টাকা জমা প্রদানের চালানের রশিদ (ট্রেজারি রশিদের সনদপত্র-CTR সহ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

৫। নীতিমালাসহ আবেদনপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য ও আবেদন ফরম বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.most.gov.bd) পাওয়া যাবে।

৬। যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র (সংযুক্ত কাগজপত্রসহ) আগামী ১৬ জুলাই ২০১৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নীতিমালার সাথে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৭। আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজপত্র সংযুক্ত করা না হলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে। প্রাপ্ত কাগজপত্র (ডকুমেন্টস) পরীক্ষা-নিরীক্ষাপূর্বক স্বচ্ছতা ও নিরপেক্ষতার মাধ্যমে অনুদান প্রদান করা হবে। যেকোন রকম অনুরোধ/ব্যক্তিগত যোগাযোগ অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

৮। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন বা পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।


২৭.০৪.২০১৭
(সুশীল কুমার পাল)

সহকারী সচিব

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

তরব নং-৬, কক্ষ নং-১৯১৯ (দশম তলা)

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

ফোন: ৯৫৫৯৯৯৯৯৯৯৯

E-mail: section12@most.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

বিষয়: বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত আবেদন ফরম

(ক) বিজ্ঞানসেবী সংস্থা/প্রতিষ্ঠান সম্পর্কিত সাধারণ তথ্য:

১। বিজ্ঞানসেবী সংস্থা/প্রতিষ্ঠানের নাম, নিজস্ব অফিস ঠিকানা, ফোন/মোবাইল ও ই-মেইল এড্রেস :

২। আবেদনকারীর নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর :

৩। (ক) বিজ্ঞানসেবী সংস্থা/প্রতিষ্ঠান বাংলাদেশ সরকারের বিধিবদ্ধ সংস্থা/
সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রেশনের সন ও তারিখ (প্রমাণাদিসহ) :

(খ) সংস্থা/প্রতিষ্ঠানটি শিক্ষা প্রতিষ্ঠানমূলক হলে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক
অনুমোদন-এর নম্বর ও তারিখ (প্রমাণাদিসহ)

৪। বিজ্ঞানসেবী সংস্থা /প্রতিষ্ঠানের গঠনতন্ত্র ও পদ বিন্যাস সম্পর্কিত তথ্য :

৫। বিগত অর্থ বছরে বিজ্ঞানসেবী সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক অনুষ্ঠিত সেমিনার/
সম্মেলন/সিম্পোজিয়াম/কর্মশালা (রিপোর্টসহ) এর বিবরণ :

৬। বিগত অর্থ বছরে সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক প্রকাশিত গবেষণা পত্রিকা/
জার্নাল-এর বিবরণ (কপিসহ)

(খ) অনুদান সম্পর্কিত তথ্য:
৭। প্রার্থীত অনুদানের উদ্দেশ্য ও পরিমাণ (বিভাজনসহ) :

৮। ইতিপূর্বে অত্র মন্ত্রণালয় থেকে অনুদান গৃহীত হলে
(ক) সর্বশেষ তিন বছরের তথ্য

অর্থ বছর- - অনুদানের পরিমাণ-

অর্থ বছর- - অনুদানের পরিমাণ-

অর্থ বছর - অনুদানের পরিমাণ-

(খ) প্রাপ্ত অনুদানের অর্থ ব্যবহার সম্পর্কিত সভার কার্যবিবরণী ও
বিল ভাউচার মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে কিনা?

হ্যাঁ না

- ৯। বিগত অর্থ বছর পর্যন্ত এ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত অর্থ ও অনুদানের অভিট
সম্পূর্ণ সংক্রান্ত তথ্য : :
- ১০। সংস্থা/প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয়ের উৎস সংক্রান্ত তথ্য : :
- ১১। ব্যাংকে মাসভিত্তিক গচ্ছিত অর্থ সম্পর্কিত তথ্য : :

আমি এ মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরে বর্ণিত যে সব তথ্য পরিবেশিত হয়েছে তা আমার জানামতে সত্য।

আবেদনকারীর স্বাক্ষর:

তারিখ:

সিলমোহর:

সংস্থা প্রধানের স্বাক্ষর:

তারিখ:

সিলমোহর:

শর্তাবলি:

- ১। ইতিপূর্বে এ অনুদান গ্রহণকারী প্রতিষ্ঠান/সংস্থাসমূহ গবেষণার অগ্রগতি ও সমাপ্তি প্রতিবেদন আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ২। অনুদান গ্রহণকারী সংস্থা/প্রতিষ্ঠানকে গবেষণার ফলাফল সেমিনার/সম্মেলন/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী/প্রকাশনায় প্রকাশ করতে হবে অসম্পূর্ণ এবং তথ্য গোপন সংক্রান্ত আবেদনপত্র বাতিল করা হবে।
- ৩।